(৭)

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## সদস্য, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন

এবং

## সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ (মাননীয় পরিকল্পনা মন্ত্রীর প্রতিনিধি) এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই ২০২০ হতে ৩০ জুন ২০২১

# সূচিপত্র


| ক্রমিক নং | বিবরণ | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ | শিল্প ও শক্তি বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ২-৩ |
| ২ | উপক্রমনিকা (Preamble) | ৪ |
| ৩ | সেকশন-১: শিল্প ও শক্তি বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ৫ |
| ৪ | সেকশন-২: শিল্প ও শক্তি বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | ৬ |
| ৫ | সেকশন-৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৭ |
| ৬ | মন্ত্রণালয়/বিভাগের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | ৮ |
| ৭ | সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) | ১০ |
| ৮ | সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, মন্ত্রণালয়/বিভাগ এবং পরিমাপ পদ্ধতির বিবরণ | ১১ |
| ৯ | সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ | ১২-১৩ |

# শিল্প ও শক্তি বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performances of the Industry and Energy Division)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা :

### ১. সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগ বার্ষিক উন্নয়ন কর্মসূচীর ৩টি সেক্টর যথা-১) শিল্প, ২) বিদ্যুৎ এবং ৩) তৈল, গ্যাস ও প্রাকৃতিক সম্পদ এর সাথে সম্পৃক্ত। শিল্প ও শক্তি বিভাগের ৩টি উইং যথা: (ক) শিল্প ও সমন্বয় উইং (খ) ইঞ্জিনিয়ারিং এন্ড ইলেকট্রনিক্স উইং এবং (গ) পাট, বস্ত্র ও বেপজা উইং এর মাধ্যমে শিল্প সেক্টরের আওতাধীন শিল্প মন্ত্রণালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীনস্থ বেজা ও বেপজা'র উন্নয়ন প্রকল্পসমূহ প্রক্রিয়াকরণ ও প্রকল্পের অনুকূলে উন্নয়ন বাজেটে বরাদ্দ প্রদান করা হয়ে থাকে। বিদ্যুৎ উইং এর মাধ্যমে বিদ্যুৎ সেক্টরের আওতাধীন বিদ্যুৎ বিভাগের এবং তৈল, গ্যাস ও প্রাকৃতিক সম্পদ উইং এর মাধ্যমে তৈল, গ্যাস ও প্রাকৃতিক সম্পদ সেক্টরের আওতাধীন জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহ প্রক্রিয়াকরণ করা হয়ে থাকে। এ বিভাগের ৫টি উইংয়ের মাধ্যমে এ সকল সেক্টরে সাম্প্রতিক বছরসমূহের (বিগত ৩ বছর) প্রধান অর্জনসমূহ নিম্নরূপঃ

**সেক্টর : শিল্প**

**উইং: শিল্প, পাট ও বস্ত্র এবং ইঞ্জিনিয়ারিং এন্ড ইলেকট্রনিক্স উইং**

শিল্প সেক্টরটি ৫টি সাব-সেক্টরে বিভক্ত। তিনটি উইংয়ের মাধ্যমে এ ৫টি সাব-সেক্টরের আওতাধীন উন্নয়ন প্রকল্পসমূহ প্রক্রিয়াকরণ করা হচ্ছে। বিগত ৩ বছরে এ সেক্টরের আওতায় মোট ৮৮টি পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে এবং ৮৩টি প্রকল্প অনুমোদিত হয়েছে। এ সেক্টরের আওতায় ২০১৯-২০ অর্থ বছরে ৭৯টি প্রকল্পের অনুকূলে মোট ৩২৩৮.১০ কোটি টাকা, ২০১৮-১৯ অর্থ বছরে ৭৭টি প্রকল্পের অনুকূলে ২০৪৬.২৭ কোটি টাকা এবং ২০১৭-১৮ অর্থবছরে ৬০টি প্রকল্পের অনুকূলে ১৫৬৩.৫৫ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়। বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ শিল্পনগরী ও অর্থনৈতিক অঞ্চল স্থাপন, ক্ষুদ্র ও মাঝারী শিল্প স্থাপন, আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ঋণ বিতরণসহ কারিগরি ও দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ প্রদান, খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনে রাসায়নিক সার উৎপাদন এবং সার সংরক্ষণ ও সরবরাহ নিশ্চিতকরণে বাফার গুদাম নির্মাণ, রাসায়নিক দ্রব্য সংরক্ষণের জন্য গুদাম নির্মাণ, চিনি শিল্পের উন্নয়ন, চা চাষ সম্প্রসারণ ও রপ্তানি বৃদ্ধি এবং বস্ত্র, পাট, তাঁত ও রেশম খাতের উন্নয়নের মাধ্যমে সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনার লক্ষ্য অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

**সেক্টর : বিদ্যুৎ**

**উইং : বিদ্যুৎ**

বিগত ৩ বছরে এ সেক্টরের আওতায় মোট ৯৫টি পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে এবং ৭৬টি প্রকল্প অনুমোদিত হয়েছে। এ সেক্টরের আওতায় ২০১৯-২০ অর্থবছরে ১০৪টি প্রকল্পের অনুকূলে মোট ২৬০২৩২.৭৭ কোটি টাকা, ২০১৮-১৯ অর্থ বছরে ১০৯টি প্রকল্পের অনুকূলে ২৩৮৮৫.৩৬ কোটি টাকা এবং ২০১৭-১৮ অর্থবছরে ৯৭টি প্রকল্পের অনুকূলে ২৪৫৩০.৩২ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়। এসব প্রকল্প বাস্তবায়নের ফলে ২০২১ সালের মধ্যে ২৪০০০ মেঃওঃ এবং ২০৩০ সালের মধ্যে ৪০০০০ মেঃওঃ বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জিত হবে। তাছাড়া, নতুন নতুন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপিত হওয়ায় সর্বোচ্চ বিদ্যুৎ উৎপাদন ৩২৬৮ মেঃওঃ হতে বৃদ্ধি পেয়ে ১২৮৯৩ মেঃওঃ এ উন্নীত হয়েছে। বিদ্যুতের ব্যবহার ৯৭% হওয়াসহ মাথাপিছু বিদ্যুৎ ব্যবহারের পরিমাণ ৫১০ কিঃওঃ এ উন্নীত এবং সিস্টেম লস বর্তমানে ৯.৩৫% এ নেমে এসেছে। নবায়নযোগ্য জ্বালানি ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে "৫০০ মেগাওয়াট সৌর বিদ্যুৎ কর্মসূচি" বাস্তবায়ন করা হয়েছে।

**সেক্টর : তৈল, গ্যাস ও প্রাকৃতিক সম্পদ**

**উইং : তৈল, গ্যাস ও প্রাকৃতিক সম্পদ**

বিগত ৩ বছরে এ সেক্টরের আওতায় মোট ২৮টি পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে এবং ২১টি প্রকল্প অনুমোদিত হয়েছে। এ সেক্টরের আওতায় ২০১৯-২০ অর্থবছরে ৯টি প্রকল্পের অনুকূলে মোট ২৪১৭.০৭ কোটি টাকা, ২০১৮-১৯ অর্থবছরে ১২টি প্রকল্পের অনুকূলে মোট ২২০৯.১২ কোটি টাকা এবং ২০১৭-১৮ অর্থ বছরে ১৩টি প্রকল্পের অনুকূলে ১৩৪৬.৪৮ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়। এসব প্রকল্প বাস্তবায়নের ফলে গ্যাস উৎপাদন দৈনিক গড়ে ৩১০০ এমএমসিএফডি মিলিয়ন ঘনফুট বৃদ্ধিসহ সাম্প্রতিক সময়ে ৭টি অনুসন্ধান কূপ, ১০টি উন্নয়ন ও ওয়ার্কওভার এবং ২টি গ্যাসক্ষেত্র (ভোলা-নর্থ ও শ্রীকাইল ইস্ট-১) আবিষ্কৃত হয়েছে। তাছাড়া, বাপেক্সের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ১টি খনন রিগ, ১টি ওয়ার্কওভার রিগ এবং ২টি প্রসেস প্লান্ট সংগ্রহ করা হয়েছে। দেশের ক্রমবর্ধমান গ্যাসের চাহিদা মেটানোর জন্য এলএনজি আমদানির লক্ষ্যে মহেশখালীতে দৈনিক ৫০০ এমএমসিএফডি ক্ষমতাসম্পন্ন একটি Floating Storage and Re-gasification Unit (FSRU) স্থাপন করা হয়েছে।

## ২. সমস্যা ও চ্যালেঞ্জসমূহ

- অধিকাংশ ক্ষেত্রে উপযুক্ত সম্ভাব্যতা যাচাই ব্যতিরেকে প্রকল্প গ্রহণ করার কারণে প্রকল্প প্রক্রিয়াকরণ এবং প্রকল্পের যথার্থতা নিরূপণ করা শিল্প ও শক্তি বিভাগের জন্য গুরুত্বপূর্ণ চ্যালেঞ্জ হিসেবে বিবেচিত হচ্ছে।

## ৩. ভবিষ্যৎ পরিকল্পনা

- উপযুক্ত সম্ভাব্যতা যাচাইয়ের মাধ্যমে প্রকল্প প্রণয়নের বিষয়ে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ এবং সংস্থাসমূহ-কে উদ্বুদ্ধ করা হবে।

## ৪. ২০২০-২০২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- জাতীয় উন্নয়ন পরিকল্পনা নীতি ও দলিলের সাথে সামঞ্জস্যপূর্ণ করে ৭০টি প্রকল্প প্রক্রিয়াকরণ করা হবে;
- ৬৫টি প্রকল্প মূল্যায়ন কমিটির সভা অনুষ্ঠান করা হবে;
- পিইসি'র সিদ্ধান্তের আলোকে ৪৫টি প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি/টিপিপি চূড়ান্তকরণ করা হবে;
- ৫০টি উন্নয়ন প্রকল্প অনুমোদন করা হবে;
- বার্ষিক উন্নয়ন কর্মসূচি ও সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়ন করা হবে;
- ১৫টি প্রকল্প পরিদর্শন করা হবে;
- ১৫টি প্রকল্প পরিদর্শন প্রতিবেদন দাখিল করা হবে;
- বিভিন্ন বিষয়ে ১০৫টি মতামত প্রদান করা হবে;
- ৩২টি অগ্রাধিকারপ্রাপ্ত উন্নয়ন প্রকল্পের অনুমোদন করা হবে।

# উপক্রমনিকা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

বাংলাদেশ পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের দায়িত্বে নিয়োজিত সদস্য

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পরিকল্পনা মন্ত্রীর প্রতিনিধি হিসেবে সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ এর মধ্যে ২০২০ সালের ..................মাসের .................তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

# সেকশন-১:

শিল্প ও শক্তি বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision): শিল্পের দ্রুত বিকাশ এবং শিল্পায়ন, কর্মসংস্থান, উৎপাদন বহুমুখীকরণ, রপ্তানি বৃদ্ধি, পাট ও পাটজাত পণ্যের বহুমুখী ব্যবহার, অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন, অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ ও জ্বালানি সরবরাহের নিশ্চয়তা।

১.২ অভিলক্ষ্য (Mission): শিল্পের দ্রুত বিকাশ, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহসহ জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রকল্প গ্রহণ, প্রক্রিয়াকরণ ও অনুমোদন এবং নীতি ও কৌশল প্রণয়নে সহায়তা প্রদান।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

- জাতীয় উন্নয়ন পরিকল্পনার আলোকে উন্নয়ন প্রকল্পের অনুমোদন তরান্বিতকরণ;
- খসড়া এডিপি/আরএডিপি প্রণয়নে কার্যকর অংশগ্রহণ;
- মাঠ পর্যায়ে উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম পরিদর্শন;
- প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে মতামত প্রদান;
- প্রকল্প বাস্তবায়নে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ।

আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

- দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহিতা নিশ্চিতকরণ;
- কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি;
- আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।

১.৪ কার্যাবলি (Functions):

(১) পঞ্চবার্ষিক পরিকল্পনার লক্ষ্য ও উদ্দেশ্যের আলোকে সেক্টরাল উন্নয়ন কর্মসূচি প্রণয়ন;

(২) সেক্টরাল পরিকল্পনার সাথে শিল্প ও শক্তি বিভাগের উন্নয়ন কর্মসূচির সমন্বয় সাধন;

(৩) উন্নয়ন প্রকল্প প্রক্রিয়াকরণের লক্ষ্যে মূল্যায়ন (appraisal) এবং প্রকল্প অনুমোদনে সহায়তা প্রদান;

(৪) সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থার সাথে আলোচনাক্রমে এডিপি ও আরএডিপি প্রণয়নে সহায়তা প্রদান;

(৫) সেক্টরাল উন্নয়ন পরিকল্পনা ও পরিকল্পনা নীতি প্রণয়নে সহায়তা প্রদান।

## সেকশন-২:

### শিল্প ও শক্তি বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব** (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা (২০২০-২১) | প্রক্ষেপণ (Projection) | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র [Sources(s) of data] |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | | ২০২১-২২ | ২০২২-২৩ | | |
| জাতীয় উন্নয়ন পরিকল্পনা দলিলের সাথে সামঞ্জস্যপূর্ণ প্রকল্প অনুমোদনের হার বৃদ্ধিপ্রাপ্ত | সামাঞ্জস্যপূর্ণ উন্নয়ন প্রকল্প বৃদ্ধিকরণ | % | ৮৫% | ৮৮% | ৯২% | ৯৫% | ৯৭% | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ (পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের আওতাধীন মন্ত্রণালয়/বিভাগসমূহ) | পিইসি সভার কার্যবিবরণী/পরিকল্পনা বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| টেকসই উন্নয়নের লক্ষ্যে অগ্রাধিকারপ্রাপ্ত প্রকল্প অনুমোদনের গতি ত্বরান্বিত | অগ্রাধিকারপ্রাপ্ত উন্নয়ন প্রকল্পের অনুমোদন বৃদ্ধিকরণ | % | ৮৩% | ৮৫% | ৯০% | ৯২% | ৯৫% | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ (পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের আওতাধীন মন্ত্রণালয়/বিভাগসমূহ) | পিইসি সভার কার্যবিবরণী/পরিকল্পনা বিভাগের বার্ষিক প্রতিবেদন |

## সেকশন-৩

### কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্ম সম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপন ২০২১-২২ | প্রক্ষেপন ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতিমান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| ১. জাতীয় উন্নয়ন পরিকল্পনার আলোকে উন্নয়ন প্রকল্পের অনুমোদন তরান্বিতকরণ | ৩৭ | ১.১ প্রকল্প প্রক্রিয়াকরণ, মূল্যায়ন ও অনুমোদনের জন্য উপস্থাপন | (১.১.১) প্রক্রিয়াকরণকৃত প্রকল্প | সংখ্যা | ১২ | ৯৮% (হার) | ১১৬ টি | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৬৫ | ৬৫ |
| | | | (১.১.২) প্রকল্প মূল্যায়ন কমিটির সভা অনুষ্ঠিত | সংখ্যা | ১০ | ৮৪ | ৫১ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৬০ | ৬৫ |
| | | | (১.১.৩) পিইসি'র সিদ্ধান্তের আলোকে পুনর্গঠিত ডিপিপি চূড়ান্তকরণ | সংখ্যা | ৭ | - | ৪৮ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ৫০ | ৫২ |
| | | | (১.১.৪) অনুমোদনকৃত প্রকল্প | সংখ্যা | ৮ | ৬৩ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৫০ | ৫৫ |
| ২. খসড়া এডিপি/ আরএডিপি প্রণয়নে কার্যকর অংশগ্রহণ | ১৪ | ২.১ প্রকল্পের অনুকূলে অর্থ বরাদ্দ | (২.১.১) আরএডিপি প্রস্তাব প্রেরিত | কার্যদিবস | ৭ | ৩ দিন | ৫ দিন | ৫ দিন | ৭ দিন | ৮ দিন | ১০ দিন | ১২ দিন | ৫ দিন | ৫ দিন |
| | | | (২.১.২) এডিপি প্রস্তাব প্রেরিত | কার্যদিবস | ৭ | ৫ দিন | ৫ দিন | ৫ দিন | ৭ দিন | ৮দিন | ১০ দিন | ১২ দিন | ৫ দিন | ৫ দিন |
| ৩. মাঠ পর্যায়ে প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম | ৯ | ৩.১ প্রকল্প বাস্তবায়ন কাজ সরেজমিন পরিদর্শন | (৩.১.১) পরিদর্শনকৃত প্রকল্প | সংখ্যা | ৫ | ২৮ | ৮ | ১৫ | ১২ | ১০ | ৮ | ৬ | ২০ | ২৫ |
| | | | (৩.১.২) পরিবীক্ষণকৃত প্রকল্পের প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ৪ | ১৯ | ৭ | ১৫ | ১২ | ১০ | ৮ | ৬ | ২০ | ২৫ |
| ৪.প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে মতামত প্রদান | ৬ | ৪.১ ক্রয়প্রস্তাব ও ঋণচুক্তি সহ অন্যান্য বিষয়ে মতামত প্রদান | (৪.১.১) মতামত প্রদানকৃত | সংখ্যা | ৬ | ১০৯ | ৭৩ | ১০৫ | ৯৫ | ৮৫ | ৭৫ | ৬৫ | ১২০ | ১৩০ |
| ৫. প্রকল্প বাস্তবায়নে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ | ৯ | ৫.১ জনগুরুত্বপূর্ণ ও অগ্রাধিকার প্রাপ্ত উন্নয়ন প্রকল্পের অনুমোদন ত্বরান্বিতকরণ | (৫.১.১) অগ্রাধিকারপ্রাপ্ত উন্নয়ন প্রকল্পের অনুমোদন বৃদ্ধিকরণ | সংখ্যা | ৫ | - | - | ৩২ | ২৮ | ২৫ | ২০ | ১৮ | ৩৫ | ৩৮ |
| | | ৫.২ সরকারের নির্বাচনী ইশতেহার ২০১৮, ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, রূপকল্প ২০২১, প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১, এসডিজি, বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ও অন্যান্য কৌশলগত দলিল ও নীতির সাথে সামঞ্জস্যকরণ। | (৫.২.১) সামাঞ্জস্যপূর্ণ উন্নয়ন প্রকল্প বৃদ্ধিকরণ | সংখ্যা | ৪ | - | - | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৬৫ | ৬৫ |

## আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০২০-২১
**(মোট নম্বর-২৫)**

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান ২০২০-২১ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সংখ্যা | ১ | ৪ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ১২ | ১১ | - | - | - |
| | | [১.২] শুদ্ধাচার ও উত্তম চর্চার বিষয়ে অংশীজনের সঙ্গে মতিবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | - | - | - |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিস্পত্তিকৃত | % | ২ | ৮০ | ৭০ | ৬০ | - | - |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | সংখ্যা | ২ | ১৫-২-২০২১ | ১৫-৩-২০২১ | ১৫-৪-২০২১ | ১৫-৫-২০২১ | - |
| | | [২.৩] সেবা সহজীকরণ | [২.৩.১] একটি নতুন সহজিকৃত সেবা অধিক্ষেত্র বাস্তবায়িত | তারিখ | ১ | ২৫-২-২০২১ | ২৫-৩-২০২১ | ২৫-৪-২০২১ | ২৫-৫-২০২১ | - |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারীর জন্য প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ২ | ৫০ | ৪০ | ৩০ | ২০ | - |
| | | | [২.৪.২] ১০ গ্রেড ও তদূর্ধ্ব কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | জনঘন্টা | ১ | ৫ | ৪ | | | |
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রণোদনা প্রদান | [২.৫.১] ন্যূনতম একটি আওতাধীন দপ্তর/সংস্থা/একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রণোদনা প্রদানকৃত | সংখ্যা | ১ | ১ | - | - | - | - |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | [৩.২.২] প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আইএমইডি'এর সুপারিশ বাস্তবায়িত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.৩] অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভায় উপস্থাপিত অডিট আপত্তি | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | - |

আমি, সদস্য, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, মাননীয় পরিকল্পনা মন্ত্রীর প্রতিনিধি তথা সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পরিকল্পনা মন্ত্রীর প্রতিনিধি হিসেবে সদস্য, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সংশ্লিষ্ট বিভাগকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ................................ | ......২৮ জুলাই ২০২০...... |
| সদস্য<br>শিল্প ও শক্তি বিভাগ<br>পরিকল্পনা কমিশন | তারিখ: |

| | |
|---|---|
| ................................ | 28-7-2020 |
| সিনিয়র সচিব<br>পরিকল্পনা বিভাগ | তারিখ: |

**সংযোজনী ১:**

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নং | শব্দ সংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১। | মেঃওঃ | মেগাওয়াট |
| ২। | মে.টন | মেট্রিক টন |
| ৩। | কেভি | কিলোভোল্ট |
| ৪। | সাঃকিঃমিঃ | সার্কিট কিলোমিটার |
| ৫। | বিপিসি | বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন |
| ৬। | ইআরএল (ERL) | ইস্টার্ণ রিফাইনারি লিমিটেড |
| ৭। | জিটিসিএল | গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লি: |
| ৮। | কেজিডিসিএল | কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড। |
| ৯। | FSRU | Floating Storage and Re-gasification Unit |
| ১০। | এডিপি | বার্ষিক উন্নয়ন কর্মসূচি |
| ১১। | আরএডিপি | সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি |
| ১২। | এসডিজি | সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল বা টেকসই উন্নয়ন অভিষ্ট |

সংযোজনী-২

## কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতির বিবরণ:

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী সংস্থা/দপ্তর | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ১.১. প্রকল্প প্রক্রিয়াকরণ, মূল্যায়ন ও অনুমোদনের জন্য উপস্থাপন | ১.১ প্রক্রিয়াকরণকৃত প্রকল্প<br>১.১.২ প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) এর সভা অনুষ্ঠান<br>১.১.৩ পিইসি'র সিদ্ধান্ত বাস্তবায়ন<br>১.১.৪ অনুমোদনের জন্য উপস্থাপিত প্রকল্পসমূহ | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত প্রকল্প এবং প্রকল্পের উপর পিইসি সভা অনুষ্ঠান এবং যথাযথ কর্তৃপক্ষের নিকট অনুমোদনের জন্য উপস্থাপন। | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহ ও আলোচ্য বিভাগ | অনুষ্ঠিত পিইসি এবং অনুমোদিত প্রকল্প সংখ্যা/ পরিকল্পনা বিভাগ/ কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| ২ | ১.২. সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়নে সহায়তা | সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রকাশিত | প্রকল্পের চাহিদা এবং সম্পদের উপর ভিত্তি করে সংশোধিত এডিপি প্রণয়ন | আলোচ্য বিভাগ এবং কার্যক্রম বিভাগ | পরিকল্পনা বিভাগ/ কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| ৩ | ১.৩. বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রণয়নে সহায়তা | বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রকাশিত | প্রকল্পের চাহিদা এবং সম্পদের উপর ভিত্তি করে সংশোধিত এডিপি প্রণয়ন | আলোচ্য বিভাগ এবং কার্যক্রম বিভাগ | পরিকল্পনা বিভাগ/ কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| ৪ | ১.৪. বার্ষিক উন্নয়ন কর্মসূচি/ সংশোধিত উন্নয়ন কর্মসূচী ইত্যাদি পর্যালোচনায় সহায়তা প্রদান | সভা অনুষ্ঠিত | প্রকল্পের চাহিদা ও সীমাবদ্ধতা বিবেচনাকল্পে বিভিন্ন পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয় | আলোচ্য বিভাগ এবং কার্যক্রম বিভাগ | পরিকল্পনা বিভাগ/ কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| ৫ | ১.৫ জিইডি/পরিকল্পনা বিভাগ কর্তৃক প্রণয়নাধীন বিভিন্ন পলিসি/রিপোর্ট প্রকাশে সেক্টরাল ইনপুট | জিইডি/পরিকল্পনা বিভাগ কর্তৃক প্রণয়নাধীন বিভিন্ন পলিসি/ রিপোর্ট প্রকাশিত | উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন পলিসি পরিকল্পনা কমিশন/পরিকল্পনা বিভাগ কর্তৃক প্রকাশিত হয় | আলোচ্য বিভাগ, জিইডি এবং পরিকল্পনা বিভাগ | পরিকল্পনা বিভাগ/ কমিশনের বার্ষিকপ্রতিবেদন | |
| ৬ | ১.৬ বিভিন্ন বিভাগ/সংস্থা/মন্ত্রণালয় কর্তৃক রিপোর্ট/চুক্তি ইত্যাদির উপর মতামত প্রদান | বিভিন্ন বিভাগ/সংস্থা/ মন্ত্রণালয় কর্তৃক রিপোর্ট/চুক্তি ইত্যাদি গ্রহণ সম্পন্ন | ঋণ, বিভিন্ন উন্নয়ন ইস্যু, বৈদেশিক চুক্তি ইত্যাদি বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা জড়িত থাকে এবং বিভিন্ন বিষয় পর্যালোচনা করা হয় | আলোচ্য বিভাগ এবং সংশ্লিষ্ট সরকারী বিভাগ/ সংস্থা/মন্ত্রণালয় | পরিকল্পনা বিভাগ/ কমিশনের বার্ষিকপ্রতিবেদন | |
| ৭ | ২.১. প্রকল্প প্রক্রিয়াকরণ, মূল্যায়ন ও অনুমোদন | প্রক্রিয়াকৃত প্রকল্পের হার | প্রকল্প অনুমোদন প্রক্রিয়াকরণের জন্য সংশ্লিষ্ট সেক্টরের আওতাধীন মন্ত্রণালয়/বিভাগসমূহ হতে প্রকল্প প্রস্তাব আলোচ্য বিভাগে প্রেরণ করা হয় | আলোচ্য বিভাগ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় | পরিকল্পনা বিভাগ/ কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| ৮ | | পিইসি/এসপিইসি আয়োজন | মন্ত্রণালয়সমূহ হতে প্রেরিত প্রকল্প প্রস্তাবের উপর পিইসি/এসপিইসি আয়োজন করা হয় | আলোচ্য বিভাগ এবং সভায় আমন্ত্রিত প্রতিনিধিগণ | পরিকল্পনা বিভাগ/ কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| ৯ | | চূড়ান্ত অনুমোদনের জন্য পেশ | সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্প চূড়ান্ত অনুমোদনের জন্য পরিকল্পনা মন্ত্রী অথবা একনেকে প্রেরণ করা হয় | আলোচ্য বিভাগ এবং পরিকল্পনা মন্ত্রীর দপ্তর/একনেক | পরিকল্পনা বিভাগ/ কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| ১০ | ২.২. প্রকল্প সম্পর্কিত বিভিন্ন সভা | অংশগ্রহণকৃত সভা | মন্ত্রণালয়/সংস্থায় উন্নয়ন প্রকল্প সংক্রান্ত আয়োজিত বিভিন্ন সভায় পরিকল্পনা কমিশনের কর্মকর্তাগণ আমন্ত্রিত হন। | বিভাগের সংশ্লিষ্ট আমন্ত্রণপ্রাপ্ত কর্মকর্তা এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থা | পরিকল্পনা বিভাগ/ কমিশনের বার্ষিক প্রতিবেদন | |

**সংযোজনী ৩**

## অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন পরিকল্পনা মন্ত্রণালয় | (ক) কার্যক্রম বিভাগ কর্তৃক এডিপির মোট আকার নির্ধারণ তথা অর্থনৈতিক খাত/ উপ-খাতভিত্তিক বরাদ্দ বিভাজন নির্ধারণের পর পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহকে অবহিত করা। সেক্টর-বিভাগসমূহ কর্তৃক কার্যক্রম বিভাগ হতে প্রাপ্ত অর্থনৈতিক খাত/উপ-খাতভিত্তিক বরাদ্দ বিবেচনায় রেখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ, বাস্তবায়নকারী সংস্থা ও সংশ্লিষ্টদের সাথে আলোচনা, যৌক্তিকতা ও কর্মপরিকল্পনা পরীক্ষা-নিরীক্ষাপূর্বক প্রয়োজনে পরিবর্তন/ সংশোধন করতঃ প্রকল্পওয়ারী বরাদ্দ প্রস্তাব কার্যক্রম বিভাগে প্রেরণ করা।<br>(খ) অর্থ মন্ত্রণালয়/অর্থ বিভাগ এডিপি/ আরএডিপি এর উৎসওয়ারী অর্থায়ন (স্থানীয় ও বৈদেশিক) নির্ধারণপূর্বক তা পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগকে অবহিত করা। | চূড়ান্তকৃত বার্ষিক উন্নয়ন কর্মসূচি/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি মুদ্রিত ও প্রকাশিত। | বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/ সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়নের নির্দেশিকা অনুযায়ী নির্ধারিত ছক (ছক সমূহ) নির্ধারিত তারিখের মধ্যে সংস্থা থেকে মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ, এবং মন্ত্রণালয়/বিভাগ থেকে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগে প্রেরণ এবং সেক্টর বিভাগ থেকে কার্যক্রম বিভাগে তথ্যাবলী প্রেরণের নির্ধারিত সময়সূচি যথাযথভাবে অনুসরণ করতে হবে। কার্যক্রম বিভাগ বিজি প্রেস হতে প্রাপ্ত চূড়ান্তভাবে মুদ্রিত এডিপি/আরএডিপি জাতীয় বাজেটে অন্তর্ভুক্তির জন্য জাতীয় সংসদে প্রেরণ করবে। | দীর্ঘ মেয়াদি পরিকল্পনা ও মধ্য মেয়াদি লক্ষ্য বাস্তবায়নে সরকারের অন্যতম প্রধান মাধ্যম হচ্ছে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/ সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়ন। এডিপি/আরএডিপির অন্যতম প্রধান উদ্দেশ্য হচ্ছে পঞ্চবার্ষিক পরিকল্পনা ও এসডিজি এর লক্ষ্যসমূহের সাথে সামঞ্জস্য সাধন করে অগ্রাধিকার খাতসমূহে, বিশেষ করে উচ্চহারে প্রবৃদ্ধি অর্জন, কর্মসংস্থানমুখী, মানবসম্পদ উন্নয়ন ও ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ সহায়ক খাতসমূহে, পর্যাপ্ত সম্পদ বরাদ্দ প্রদানের মাধ্যমে ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার লক্ষ্য অর্জন। | এডিপি/সংশোধিত এডিপি প্রণয়নের কর্মপরিকল্পনা নির্দেশিকা অনুযায়ী কল নোটিশে (১ম ও ২য়) চাহিত তথ্যাদি যথাসময়ে কার্যক্রম বিভাগে প্রেরণ করা না হলে এডিপি/ আরএডিপি'র খসড়া অনুমোদনের সুপারিশ প্রদানের জন্য এনইসি/ পরিকল্পনা কমিশনের বর্ধিত সভায় উপস্থাপন করা সম্ভব হবে না।<br>দেশের আর্থ-সামাজিক উন্নয়ন ও লক্ষ্য অর্জন বাধাগ্রস্ত হবে। |
| সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ (বিদ্যুৎ বিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, শিল্প | প্রকল্পের উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বার্ষিক উন্নয়ন কর্মসূচি/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়নের জন্য কার্যক্রম বিভাগ কর্তৃক প্রণীত এবং প্রেরিত | চূড়ান্তকৃত বার্ষিক উন্নয়ন কর্মসূচি/ সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি মুদ্রিত ও প্রকাশিত। | এডিপি/ আরএডিপি প্রণয়নের নির্দেশিকা অনুযায়ী নির্ধারিত ছক (ছক সমূহ) নির্ধারিত তারিখের মধ্যে সংস্থা থেকে মন্ত্রণালয়/বিভাগে এবং মন্ত্রণালয়/বিভাগ থেকে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগে প্রেরণের নির্ধারিত | দীর্ঘ মেয়াদি পরিকল্পনা ও মধ্য মেয়াদি লক্ষ্য বাস্তবায়নে সরকারের অন্যতম প্রধান মাধ্যম হচ্ছে এডিপি/ আরএডিপি প্রণয়ন। এডিপি/ আরএডিপির অন্যতম প্রধান উদ্দেশ্য | উদ্যোগী মন্ত্রণালয় বিভাগ হতে বার্ষিক এডিপি/আরএডিপি প্রণয়নের কর্ম পরিকল্পনা নির্দেশিকা অনুযায়ী |

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| মন্ত্রণালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, প্রধানমন্ত্রীর কার্যালয় এবং বাণিজ্য মন্ত্রণালয়,) | ছক/প্রস্তাব সংশ্লিষ্ট বাস্তবায়নকারী সংস্থা/বিভাগসমূহ হতে সংগ্রহপূর্বক পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগে প্রেরণ করা।<br>সংশ্লিষ্ট সেক্টর-বিভাগ উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগ এর তথ্য-উপাত্ত পরিকল্পনা কমিশনে সংগ্রহপূর্বক এডিপি/আরএডিপির জন্য নির্ধারিত কল নোটিশ (বিভিন্ন ছক) পূরণ করে প্রকল্পভিত্তিক বরাদ্দ প্রস্তাব প্রণয়ন পূর্বক তা কার্যক্রম বিভাগে প্রেরণ করা। | | সময়সূচি যথাযথভাবে অনুসরণ করতে হবে, যাতে কল নোটিশ (১ম ও ২য়) যথাসময়ে কার্যক্রম বিভাগে প্রেরণ করা যায়। | হচ্ছে পঞ্চবার্ষিক পরিকল্পনা ও এসডিজি এর লক্ষ্যসমূহের সাথে সামঞ্জস্য সাধন করে অগ্রাধিকার খাতসমূহে, বিশেষ করে উচ্চহারে প্রবৃদ্ধি অর্জন কর্মসংস্থানমুখী, মানবসম্পদ উন্নয়ন ও ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ সহায়ক খাতসমূহে, পর্যাপ্ত সম্পদ বরাদ্দ প্রদানের মাধ্যমে ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার লক্ষ্য অর্জন। | তথ্য-উপাত্ত সেক্টর বিভাগে প্রেরণ করা না হলে/পাওয়া না গেলে সেক্টর বিভাগ কর্তৃক কল নোটিশে চাহিত তথ্যাদি যথাসময়ে কার্যক্রম বিভাগে প্রেরণ করা সম্ভব হবে না। ফলে এডিপি/ আরএডিপি'র খসড়া চূড়ান্ত করা সম্ভব হবে না।<br><br>দেশের আর্থ-সামাজিক উন্নয়ন ও লক্ষ্য অর্জন বাধাগ্রস্ত হবে। |
| অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়। | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক খাত ও প্রকল্পওয়ারী প্রকল্প সাহায্য নির্ধারণপূর্বক তা কার্যক্রম বিভাগ ও সংশ্লিষ্ট সেক্টর-বিভাগকে অবহিত করা। | চূড়ান্তকৃত বার্ষিক উন্নয়ন কর্মসূচি/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি মুদ্রিত ও প্রকাশিত। | বাজেট কাঠামোর আলোকে অর্জনযোগ্য উন্নয়ন প্রকল্প সমন্বয়ে এডিপি/আরএডিপি যথাযথভাবে প্রণয়নের জন্য সম্পদের লভ্যতা (Resource Availability) জানা প্রয়োজন। বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রণয়নের নিমিত্ত প্রয়োজনীয় বরাদ্দ (প্রকল্প ও সংস্থাভিত্তিক) নির্ধারণ পূর্বক পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ ও সেক্টর বিভাগকে অবহিত না করলে প্রকল্প ও সংস্থাভিত্তিক প্রকল্প সাহায্য ও জেডিসিএফ বরাদ্দ এডিপি/ আরএডিপিতে প্রতিফলন সম্ভব হবে না, ফলে এডিপি/আরএডিপি চূড়ান্ত করা সম্ভব হবে না। | এডিপি/আরএডিপি সঠিকভাবে প্রণয়নপূর্বক প্রকাশের জন্য অর্থনৈতিক সম্পর্ক বিভাগের নিকট হতে সম্পদের লভ্যতা তথা প্রকল্প ও সংস্থাভিত্তিক প্রকল্প সাহায্য বরাদ্দ প্রাপ্যতা নিশ্চিত করণ। | দেশের আর্থ-সামাজিক উন্নয়ন ও লক্ষ্য অর্জন বাধাগ্রস্ত হবে। |